

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য অপেক্ষমান (তালিকা-০১) নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ২৬/১২/২০২১ খ্রিঃ

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে ১ম, ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে ভর্তির জন্য অপেক্ষমান(তালিকা-০১) নির্বাচিত শিক্ষার্থী সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভর্তি ফরম সংগ্রহ, কোটার স্বপক্ষে সনদ যাচাই ও ভর্তির অন্যান্য কাজ সম্পন্ন করতে হবে।

ভর্তির সময়সূচি

* কোটা সনদ যাচাই এবং ফরম বিতরণের তারিখ : ২৬/১২/২০২১ ও ২৭/১২/২০২১ খ্রিঃ প্রভাতি ও দিবা শাখা

সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা

কোটা সনদ যাচাইয়ের সময় অবশ্যই শিক্ষার্থীকে ভর্তির আবেদন ফরম ও লটারির ফলাফল কপি(ডাউনলোড কৃত) সহ উপস্থিত থাকতে হবে। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে কোটা সনদ যাচাই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সনদসমূহ ‘কোটা সনদ যাচাই উপ-কমিটি’ এর নিকট যথাসময়ে উপস্থাপন করতঃ যাচাই করিয়ে নিয়ে শিক্ষার্থী ভর্তির অবশিষ্ট কাজ সম্পন্ন করতে হবে।

* অনলাইনে ফরম পূরণ ও ভর্তি ফি জমাদানের তারিখ ও সময়: ২৬/১২/২০২১ দুপুর ১২:০০ টা হতে ২৭/১২/২০২১ দুপুর ০১:০০ টা পর্যন্ত।

Visit: mgbhs.edu.bd ⇨ Click- APPLY NOW

* পূরণকৃত ভর্তি ফরম নিম্ন লিখিত তারিখ ও সময় অনুযায়ী জমা নেয়া হবে।

২৭/১২/২০২১ - প্রভাতি ও দিবা শাখা: ১০:০০ টা হতে ১:০০ টা

পূরণকৃত ভর্তি ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে/সংযুক্ত করতে হবে :

১. পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ২ কপি(ভর্তি ফরমের নির্ধারিত স্থানে এক কপি আঠা দিয়ে লাগাতে হবে)।
২. জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি (Photo copy)।
৩. কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষের সনদের সত্যায়িত ফটোকপি।
৪. ভর্তি আবেদনের এ্যাপলিক্যান্ট কপি এবং ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয় হতে গৃহীত ছাড়পত্রের মূলকপি।
৫. ৬ষ্ঠ শ্রেণির ক্ষেত্রে ৫ম শ্রেণি উত্তীর্ণের রেজাল্ট কার্ড/সনদ/প্রশংসাপত্র।
৬. ৯ম শ্রেণির ক্ষেত্রে ৮ম শ্রেণি উত্তীর্ণের রেজাল্ট কার্ড/সনদ/প্রশংসাপত্র।

উল্লেখ্য কোটার স্বপক্ষে যথা সময়ে সনদ উপস্থাপনে ব্যর্থ হলে অথবা সনদে কোন অসংগতি দেখা দিলে বা পূরণকৃত ভর্তি ফরম যথাসময়ে জমা না দিলে ভর্তি (Admission) বাতিল বলে গন্য হবে।

তিন মাসের বেতন ও সেশন চার্জ

শ্রেণি	ভর্তি ফি	মাসিক	টিফিন ফি	কম্পিউটার	অত্যাৱশ্যকীয় ব্যয়	বাৎসরিক/সেশনচার্জ	সর্বমোট টাকা	মন্তব্য
১ম	৪/-	৪×৩= ১২	৭৫×৩= ২২৫	২০×৩= ৬০	২০×৩= ৬০	১,১৫১/-	১,৫১২/-	
৬ষ্ঠ	১০/-	১০×৩= ৩০	৭৫×৩= ২২৫	২০×৩= ৬০	২০×৩= ৬০	১,১৫১/-	১,৫৩৬/-	
৯ম	১৫/-	১৫×৩=৪৫	৭৫×৩= ২২৫	২০×৩= ৬০	২০×৩= ৬০	১,১৫১/-	১,৫৫৬/-	

প্রধান শিক্ষক

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা
২০২২ শিক্ষাবর্ষে কোটায় ভর্তির জন্য অপেক্ষমান (তালিকা-০১) নির্বাচিত শিক্ষার্থীদের কোটার স্ব পক্ষের
সনদ যাচাই সংক্রান্ত বিজ্ঞপ্তি
তারিখ : ২৬/১২/২০২১খ্রিঃ

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে ১ম, ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে ভর্তির জন্য অপেক্ষমান (তালিকা-০১) নির্বাচিত শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কোটার স্ব পক্ষে সনদ অত্র বিদ্যালয়ের 'কোটা সনদ যাচাই উপ-কমিটি' এর নিকট উপস্থাপন করতঃ যাচাই করিয়ে নিতে বলা হলো, অন্যথায় তার উক্ত নির্বাচন (Selection) বাতিল বলে গন্য হবে।

কোটা সনদ যাচাইয়ের সময়সূচি

* কোটা সনদ যাচাইয়ের তারিখ : ২৬/১২/২০২১ খ্রিঃ

প্রভাতি ও দিবা শাখা: সকাল ১০:০০ টাহতে দুপুর ১:০০ টা

কোটা সনদ যাচাইয়ের সময় অবশ্যই শিক্ষার্থীকে ভর্তির আবেদন ফরম ও লটারির ফলাফল কপি(ডাউনলোড কৃত) সহ উপস্থিত থাকতে হবে।

কোটার স্ব পক্ষে যে সকল সনদ যাচাইয়ের জন্য বিদ্যালয়ের 'কোটা সনদ যাচাই উপ-কমিটির' নিকট উপস্থাপন করতে হবে :

১. মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত মুক্তিযোদ্ধার সন্তান ভর্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয় কমন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ঐ শিক্ষার্থীর মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদসহ মুক্তিযোদ্ধা হিসাবে ভাতা উত্তোলন বহি/প্রমাণ পত্রের সত্যায়িত কপি এবং সন্তানের সন্তান বা নাতিদের ভর্তির ক্ষেত্রে উপর্যুক্ত সনদসহ মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী হিসেবে প্রাপ্ত প্রত্যায়নপত্র/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র।
২. ক্যাচমেন্ট এরিয়া কোটায় নির্বাচিতদের ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতা অত্র বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকা অর্থাৎ মতিঝিল, মুগদা, শাহজাহানপুর, সবুজবাগ, পল্টন, রমনা ও খিলগাঁও থানাধীন এলাকার কোন বাড়ির মালিক, এ্যালোটি, ভাড়াটিয়া বা ভোটার-এই ৪ টির মধ্যে যেটি হবার কারণে এটি দাবী করা হয়েছে, শুধু মাত্র সেটির সাথে সংশ্লিষ্ট সনদ/প্রমাণপত্র উপস্থাপন করতে হবে : শিক্ষার্থীর পিতা/মাতা ক্যাচমেন্ট এলাকার
ক) ফ্লাট বা বাড়ির মালিক হলে তার পৌর কর পরিশোধের রশিদের সত্যায়িত ফটোকপি; অথবা
খ) এ্যালোটি হলে সরকারি বাসা বরাদ্দ আদেশের সত্যায়িত ফটোকপি (Photo copy); অথবা
গ) ভাড়াটিয়া হলে ভাড়া পরিশোধের রশিদসহ বাড়িওয়ালা কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র/থানায় দাখিলকৃত ভাড়াটিয়া নিবন্ধন ফরম ও সংশ্লিষ্ট বাড়ি বা ফ্ল্যাটের ইউটিলিটি বিল পরিশোধ করার রশিদের সত্যায়িত ফটোকপি; অথবা
ঘ) ভোটার হলে ভোটার তালিকায় তার পিতা/মাতার নামাংকিত পাতা/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
৩. প্রতিবন্ধি কোটায় নির্বাচিতদের ভর্তির ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর প্রতিবন্ধিতার সনদ।
৪. শিক্ষা মন্ত্রণালয় কর্মকর্তা-কর্মচারী সন্তান কোটায় নির্বাচিতদের ভর্তির ক্ষেত্রে পিতা/মাতা উপর্যুক্ত দপ্তরে কর্মরত মর্মে মাধ্যমিক শিক্ষা অনুবিভাগ কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্র।
৫. সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থী কোটায় নির্বাচিতদের ভর্তির ক্ষেত্রে ৫ম শ্রেণি উত্তীর্ণের রেজাল্ট কার্ড/সনদ/প্রশংসাপত্র।।

কোটার স্ব পক্ষে যথাসময়ে উক্ত কমিটির নিকটসনদ উপস্থাপনে ব্যর্থ হলে অথবা সনদে কোন অসংগতি দেখা দিলে তার উক্ত নির্বাচন (Selection) বাতিল বলে গন্য হবে।

প্রধান শিক্ষক